**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১৬৫-আইন/২০২২/১৭৮-মূসক** ।-মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 87.03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 8703.21.31, 8703.22.21, 8703.23.21, 8703.23.41, 8703.23.61, 8703.31.21, 8703.31.41, 8703.32.21, 8703.32.41 ও 8703.32.61 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত ২৫০০ সিসি পর্যন্ত মোটরকার ও মোটর ভেহিক্যালকে, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, এর ক্ষেত্রে-

(ক) নিম্নবর্ণিত টেবিল-১ এর শর্তাবলি পরিপালন সাপেক্ষে স্থানীয় উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদান করিল;

(খ) নিম্নবর্ণিত টেবিল-২ এর শর্তাবলি পরিপালন সাপেক্ষে স্থানীয় উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদান করিল;

(গ) নিম্নবর্ণিত টেবিল-২ এর শর্তাবলি পরিপালন সাপেক্ষে স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অব্যাহতি প্রদান করিল।

## টেবিল-১

| | |
|---|---|
| (ক) | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে; |
| (খ) | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে পণ্য উৎপাদনের মেকার'স কোড (Maker's Code) এবং টাইপ অনুমোদন (type approval) গ্রহণ করিতে হইবে; |
| (গ) | মোটরকার ও মোটর ভেহিক্যালের উৎপাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে নিজস্ব বডি (body)/ওয়েল্ডিং শপে প্রয়োজনীয় মেশিন স্থাপনপূর্বক পূর্ণাঙ্গ বডি (body) তৈরি করিতে হইবে; |
| (ঘ) | সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মোটরকার ও মোটর ভেহিক্যালের ব্র্যান্ড স্বত্বাধিকারী অনুমোদিত Electro Deposition (ED) ও প্রাইমার কোটসহ সকল পর্যায়ের রঙ করিবার জন্য পেইন্ট শপ থাকিতে হইবে এবং উক্ত পেইন্ট শপে সকল প্রকার পেইন্ট কার্যক্রম সম্পন্ন করিতে হইবে; |
| (ঙ) | সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে ন্যূনতম যন্ত্রপাতি যেমন: ফোর পোল লিফ্টার, টু পোল লিফ্টার, সিজর লিফ্টার, জিব ক্রেন, ব্রেক ফোর্স রিডার, এয়ার কম্প্রেসর, থ্রিডি হুইল এলাইনমেন্ট মেসিন, রেইন শাওয়ার টেস্টিং ফেসিলিটি, ফুয়েল ডিস্পেন্সার, সাইড স্লিপ, ইউনিভার্সেল ডায়াগনিস্টিক টুলস, আন্ডার বডি ইন্সপেকশন পিট, টেস্ট ট্র্যাক-ওয়েভ, বেলজিয়াম, পিটপট ও রোপ, অটোমেটিক নিউম্যাটিক এয়ার গান, ওয়্যারলেস এয়ার গান ইত্যাদি থাকিতে হইবে; |
| (চ) | পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে এ্যাসেম্বলি সেকশন, টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারী ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে; |
| (ছ) | প্রশিক্ষণের মাধ্যমে ক্রমান্বয়ে প্রযুক্তি হস্তান্তরের নিমিত্ত প্রতিষ্ঠানে কর্মরত জনবলকে দক্ষ মানবসম্পদে রূপান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান ও ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর মধ্যে কারিগরি সহায়তা চুক্তি থাকিতে হইবে; |
| (জ) | পরিবেশবান্ধব গাড়ী উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম Euro 3 emission Standard অনুসরণ করিতে হইবে এবং সে লক্ষ্যে ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর প্রত্যয়ন থাকিতে হইবে; এবং |
| (ঝ) | যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে। |

## টেবিল-২

| | |
|---|---|
| (ক) | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে; |
| (খ) | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে পণ্য উৎপাদনের মেকার'স কোড (Maker's Code) এবং টাইপ অনুমোদন (type approval) গ্রহণ করিতে হইবে; |
| (গ) | সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে ন্যূনতম যন্ত্রপাতি যেমন: ফোর পোল লিফ্টার, টু পোল লিফ্টার, সিজর লিফ্টার, জিব ক্রেন, ব্রেক ফোর্স রিডার, এয়ার কম্প্রেসর, থ্রিডি হুইল এলাইনমেন্ট মেসিন, রেইন শাওয়ার টেস্টিং ফেসিলিটি, ফুয়েল ডিস্পেন্সার, সাইড স্লিপ, ইউনিভার্সেল ডায়াগনিস্টিক টুলস, আন্ডার বডি ইন্সপেকশন পিট, টেস্ট ট্র্যাক-ওয়েভ, বেলজিয়াম, পিটপট ও রোপ, অটোমেটিক নিউম্যাটিক এয়ার গান, ওয়্যারলেস এয়ার গান ইত্যাদি থাকিতে হইবে; |
| (ঘ) | পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার অনুমোদিত পেইন্ট শপ থাকিতে হইবে, বডি চেসিসসহ অন্যান্য যন্ত্রাংশসমূহ প্রাইমার কোট ব্যতীত বা প্রাইমার কোট করা অবস্থায় আমদানি করিতে পারিবে, তবে ফাইনাল রং করা থাকিতে পারিবে না, ফাইনাল রং এর কার্যক্রম প্রতিষ্ঠানের নিজস্ব পেইন্ট শপ দ্বারা সম্পাদন করিতে হইবে; |
| (ঙ) | পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে এ্যাসেম্বলি সেকশন, টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারী ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে; |
| (চ) | প্রশিক্ষণের মাধ্যমে ক্রমান্বয়ে প্রযুক্তি হস্তান্তরের নিমিত্ত প্রতিষ্ঠানে কর্মরত জনবলকে দক্ষ মানবসম্পদে রূপান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান ও ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর মধ্যে কারিগরি সহায়তা চুক্তি থাকিতে হইবে; |
| (ছ) | পরিবেশবান্ধব গাড়ী উৎপাদনের লক্ষ্যে ন্যূনতম Euro 3 emission Standard অনুসরণ করিতে হইবে এবং সে লক্ষ্যে ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার এর প্রত্যয়ন থাকিতে হইবে; এবং |
| (জ) | যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে। |

২। উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

৩। উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে কোনো সময় কর্মরত জনবলের অন্যূন ২৫০ (দুইশত পঞ্চাশ) জন বাংলাদেশি হইতে হইবে;

৪। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

৫। টেবিল-১ বা টেবিল-২ এর শর্তাধীনে উক্ত পণ্য উৎপাদনের লক্ষ্যে নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| (ক) | প্রথম সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর একজন যথোপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| (ঙ) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য সচিব। |

৬। অনুচ্ছেদ ৫ এ উল্লিখিত কমিটি, উহার গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উল্লিখিত অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৭। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৮। কোনো পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৭ এর বিধানাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে উক্তরূপ অব্যাহতি প্রাপ্য হইবে না।

৯। অব্যাহতি সুবিধা প্রাপ্ত কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

১০। অনুচ্ছেদ ৯ এর অধীন অনুসন্ধানের পরিপ্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড অব্যাহতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

১১। ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৬-আইন/২০১৯/৩৩-মূসক এতদ্দ্বারা রহিত করা হইল।

১২। এই প্রজ্ঞাপন ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

## পরিশিষ্ট-ক

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক সংখ্যা | পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code) | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ) | সরবরাহ /বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয় সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমানিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখাতিয়ারে রহিয়াছে।

৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উল্লিখিত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

**নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**( আবু হেনা মোঃ রহমাতুল মুনিম )**
**সিনিয়র সচিব**